উপজেলা পরিষদ

বালিয়াকান্দি, রাজবাড়ী

বালিয়াকান্দি উপজেলা পরিষদের জুন/২০২৩ (৫৬তম) মাসের সভার কার্যবিবরণী

সভাপতি: জনাব মোঃ আবুল কালাম আজাদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী

সভার তারিখ: ০৮ জুন, ২০২৩, সময়: সকাল: ১১.৩০ ঘটিকা

সভার স্থান: উপজেলা পরিষদ সভা কক্ষ, বালিয়াকান্দি

সভায় উপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট "ক"

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট "খ"

সভার প্রারম্ভে সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ জনাব মোঃ আবুল কালাম আজাদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর উপজেলা নির্বাহী অফিসারকে এজেন্ডাভিত্তিক আলোচনা করার জন্য অনুরোধ করেন। আলোচনার শুরুতেই বিগত সভার কার্যবিবরণীতে আর কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

অত:পর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াকান্দি, রাজবাড়ী সভার আলোচ্যসূচি মোতাবেক কার্যক্রম শুরু করেন।

| নং | বিভাগ/দপ্তর | আলোচ্য বিষয়/ আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | পরিষদের ব্যয় সমন্বয় | **রাজস্ব, উন্নয়ন তহবিল, এডিপি, উপজেলা পরিচালন ও উন্নয়ন এবং হাট-বাজার ১৫% খাতে ব্যয়ের হিসাব:**<br>**(ক) উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয়ের বিল সমন্বয়ের তালিকা: (মে/২০২৩-জুন/২০২৩)**<br>-দৈনিক আমার সংবাদ পত্রিকার বিজ্ঞপ্তি বিল বাবদ পরিশোধ- ২৪৮৪০/- টাকা<br>-দৈনিক নিউ ন্যাশন পত্রিকার বিজ্ঞপ্তি বিল বাবদ পরিশোধ- ১১,৪৮১/৬০ টাকা<br>-দৈনিক মাতৃকণ্ঠ পত্রিকার বিজ্ঞপ্তি বিল বাবদ পরিশোধ- ১৫,১৩৪/- টাকা<br>-দৈনিক মাতৃকণ্ঠ পত্রিকার বিজ্ঞপ্তি বিল বাবদ পরিশোধ- ১২,৯৭২/- টাকা<br>- উপজেলা পরিষদ চত্বরের খাস কাটার মেশিন এর তৈল ও মবেল ক্রয় এবং উপজেলা পরিষদের আবাসিক এলাকার পরিস্কার পরিচ্ছন্ন বিল পরিশোধ-১৩,০০০/- টাকা<br>- উপজেলা পরিষদের এপ্রিল/২৩ ও মে/২৩ মাসের আপ্যায়ন বিল পরিশোধ-৬০,০০০/-টা.<br>- উপজেলা পরিষদের বিদ্যুৎ বিল( অক্টো-এপ্রিল/২৩) পরিশোধ-১,২৬,০০১/- টাকা<br>- উপজেলা নির্বাহী অফিসারের নতুন বাসভবনে ০১টি নতুন সিসি ক্যামেরা স্থাপনের বিল পরিশোধ-১৪,৬৩৯/- টাকা<br>-উপজেলা পরিষদে বিভিন্ন স্থানে ১৭টি আইপি ক্যামেরাসহ টিভি সরবরাহ প্রকল্পের অবশিষ্ট বিল পরিশোধ-৪১,৫৫৫/- টাকা<br>- ভাইস চেয়ারম্যানকে মে/২৩ মাসের সম্মানীভাতা-২৭,০০০/- টাকা<br>- মহিলা ভাইস চেয়ারম্যানকে মে/২৩ মাসের সম্মানীভাতা-২৭,০০০/- টাকা<br>-মালীর মে/২৩ মাসের মজুরী- ১২,৬৫০/- টাকা<br>- পরিচ্ছন্নকর্মীর মে/২৩ মাসের মজুরী-১২,৬৫০/- টাকা<br>- উপজেলা পরিষদের কোকারিজ ক্রয়ের বিল পরিশোধ-২৫,৮৫০/- টাকা<br>- বালিয়াকান্দি উপজেলা পরিষদের সামনের দিকে ১৮২.৫০ মিটার বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজের ১ম ও চূড়ান্ত বিল-৩,৩৬,৮৭০/- টাকা<br>-বালিয়াকান্দি ভূমি অফিসের গ্যারেজ নির্মাণ কাজের জামানত পরিশোধ-৭০,৬৫১/- টাকা<br>**(খ) উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে ব্যয়কৃত অর্থ সমন্বয়ের তালিকা (মে/২০২৩-জুন/২০২৩)**<br>- সমাধীনগর বাজারে মৎস্য সেড নির্মাণ কাজের বিল পরিশোধ ৭,৯৯,৩৪৫/- টাকা<br>- ১) সোনাপুর বাজারে কসাইখানা নির্মাণ ২)নারুয়া বাজারে কসাইখানা নির্মাণ ৩) জংগল বাজারে সিসি রাস্তা নির্মাণ ৪) বেরুলী বাজারে পাকা রাস্তা হতে মসজিদের অজুখানা ও লেট্রিন পযন্ত রাস্তা পাকাকরণ ৫) বালিয়াকান্দি বাজারের অভ্যন্তরে সিসি রাস্তা নির্মান কাজের জামানতের বিল উত্তোলন -২,৫৪,৬১৯-/<br>- ১) বহরপুর ইউনিয়নের নতুনচর-পাকালিয়া সড়ক (১৬৫মি:) এইচবিবি দ্বারা উন্নয়ন ২) জামালপুর ইউনিয়নের রহমতপুর পাকা সড়ক-কোমরদিয়া পাকা সড়ক (২২০মি:) এইচবিবি দ্বারা উন্নয়ন কাজের জামানত ফেরৎ এর বিল উত্তোলন-১,৩২,৯৫৪/-<br>- ১) নবাবপুর ইউনিয়নের আনন্দবাজার-ঝাউডাঙ্গী সড়ক (২২০মি:) এইচবিবি দ্বারা উন্নয়ন ২) রামদিয়া বাজার-রামদিয়া রেলস্টেশন সড়ক (চ:৫০০মি:৭২৮মি:) এইচবিবি দ্বারা উন্নয়ন কাজের জামানতের বিল উত্তোলন-১,৫৭,২৯১/-<br>-উপজেলা প্রকৌশলী কার্যালয়ের আনুষাংগিক ব্যয় উত্তোলন - ৮৬,০০০/-<br>**(গ) উপজেলা পরিষদের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প হতে পরিশোধকৃত বিল সমন্বয়ের তালিকা (মে/২০২৩-জুন/২০২৩)**<br>-চলতি সময়ের মধ্যে কোনো প্রকল্প গৃহীত হয়নি।<br>**(ঘ) উপজেলা পরিষদের এডিপি তহবিল হতে ব্যয়কৃত অর্থ সমন্বয়ের তালিকা (মার্চ/২০২৩-জুন/২০২৩)**<br>- ইন্দুরদী গ্রামীন রাস্তা পাকাকরণ (ইন্দুরদী শাজাহান এর বাড়ী হতে মাঠমুখী রাস্তা) | আলোচনান্তে রাজস্ব, উন্নয়ন, এডিপি, পরিচালন ও উন্নয়ন, হাট-বাজার ইত্যাদি খাত হতে পরিশোধকৃত বিল সমন্বয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান/ উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বিএফএস কাজের ১ম ও চূড়ান্ত বিল উত্তোলন-২,০০,০০০/-<br>-বালিয়াকান্দি আনসার (ভিডিপি) অফিসের ল্যাট্রিণ ও সাবমারসিবল পাম্প স্থাপন কাজের ১ম ও চলতি বিল প্রেরণ- ৩,৩২,২৫২/-<br>-বালিয়াকান্দি কাদের মোল্যার বাড়ীর নিকট মসজিদের ল্যাট্রিন নির্মাণ কাজের ১ম ও চূড়ান্ত বিল উত্তোলন-৩,০০,০০০/-<br>-২০২২-২৩ অর্থ বৎসরের মোট বরাদ্দের ০.৫০% অফিস আনুষাংগিক ব্যয় বিল উত্তোলন-৩২,১৭৫/-<br>**(ঙ) হাট-বাজার ইজারাকৃত আয়ের ১৫% হতে পরিশোধকৃত বিলসমূহ সমন্বয়ের তালিকা (মে/২০২৩-জুন/২০২৩)**<br>-বাংলা ১৪২৯ সনের বালিয়াকান্দি হাটের ৫% জামানত অর্থ ফেরত -১,৪৬,৪০০/- টাকা<br>-বাংলা ১৪২৯ সনের আড়কান্দি হাটের ৫% জামানত অর্থ ফেরত -১৬,২২৫/- টাকা<br>-সোনাপুর বাজারে সবজিসেড নির্মাণ কাজের বিল উত্তোলণ-৩,২৯,২৬৩/- | | |
| ০২ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি ডা: অমৃত সরকার, মেডিকেল অফিসার জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী ২০৩৫ সালের মধ্যে যক্ষা শনাক্তকরণ এবং চিকিৎসা কর্মসূচী অব্যাহত রয়েছে এবং বর্তমান সময়ে তীব্র গরমে ডায়রিয়া, সর্দিজ্বরসহ কিছু রোগের প্রকোপ বেড়ে যাওয়ায় এসকল রোগের চিকিৎসা ও প্রতিরোধকল্পে বিশেষ সার্ভে চালুকরণ (স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক গৃহীত) ও জনসচেতনতা বৃদ্ধি করতে কর্মসূচী গ্রহণ করা হয়েছে। | স্বাস্থ্য সেবার লক্ষ্যে গৃহীত সকল প্রকার চিকিৎসা কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিঃপরিঃ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিঃপরিঃ কর্মকর্তা |
| ০৩ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, চলতি মাসে ইন্দুরদী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্কুল ফিডিং কার্যক্রম চালু হবে যা আগামী তিন বছর যাবৎ চলবে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | শিশুদের সুস্থ্য শারীরিক গঠনের লক্ষ্যে গৃহীত স্কুল ফিডিং কার্যক্রম গ্রহণের জন্য সভায় ধন্যবাদ জানানো হয় এবং এর ধারাবাহিকতা বজায় রাখার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয় | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ০৪ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে খরিপ-২ মৌসুমে ক্ষুদ্র, মাঝারী ও প্রান্তিক চাষীদের মাঝে বিনামূল্যে রোপা আমন ধানের বীজ ও সার সহায়তা অত্র উপজেলায় ১৫০০ জনকে ৫ কেজি বীজ, ১০ কেজি ডিএপি সার, ১০ কেজি এমওপি সার হারে বরাদ্দ প্রদান করা হয় । যাহা ইউনিয়নের আবাদি জমি অনুসারে বিভাজন করে প্রকৃত কৃষক নির্বাচন করার জন্য প্রত্যেক ইউনিয়নের দায়িত্বপ্রাপ্ত উপসহকারী কৃষি কর্মকর্তাকে সহযোগিতা করার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হলো। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ধানের বীজ ও সার প্রান্তিক কৃষক পর্যায়ে সুষ্ঠুভাবে বিতরণের লক্ষ্যে সার্বিক সহায়তা প্রদানের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানবৃন্দ |
| ০৫ | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, ক্লাইমেট স্মার্ট এগ্রিকালচার এন্ড ওয়াটার ম্যানেজমেন্ট প্রকল্প (মৎস্য অধিদপ্তর অংশ) এর আওতায় (৪০ জনের ২টি ব্যাচ) জেলা পর্যায়ে থেকে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। উক্ত প্রকল্পের আওতায় ৬টি প্রদর্শনী /১টি অভয়াশ্রম/১টি বিল নার্সারী কার্যক্রম বাস্তাবয়ন চলমান রয়েছে। অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | মৎস্য ভিত্তিক গৃহীত প্রকল্পসমূহের কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৬ | উপজেলা পরিঃপরিঃ বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উক্ত দপ্তর নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৭ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার জানান যে, দাপ্তরিক কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | প্রাথমিক বিদ্যালয়সমূহে নিয়মিত পাঠদানের বিষয়টি মনিটরিং করার জন্য পুনরায় উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ০৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, এসএসসি, এসএসসি (ভোকেশনাল), দাখিল পরীক্ষা-২০২৩ সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। এছাড়া জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২৩ উদযাপন, জুলি ও কুরি কুইজ ও চিত্রাংঙ্কন | মাধ্যমিক পর্যায়ে শিক্ষার মান বজায় রাখার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রতিযোগিতার পুরষ্কার বিতরণ, ২৯টি অনলাইন আবেদন প্রেরণ, পারফরমেন্স বেজড বিষয়ক ৪৫ জন প্রতিষ্ঠান প্রধান ও ৪৫ জন সভাপতির ০১ দিনের কর্মশালা সম্পন্ন করা, সমন্বিত উপবৃত্তি ৬ষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণি শিক্ষার্থীদের ডুপ্লিকেট হিসাবধারীর হিসাব সংশোধন, ৬ষ্ঠ থেকে ৭ম শ্রেনির সংশোধিত ক্লাস রুটিন প্রণয়ন এবং মনিটরিং, বেসরকারি শিক্ষক নিবন্ধনে শিক্ষকগণের নিবন্ধন প্রত্যয়নপত্র যাচাই, শিক্ষা প্রতিষ্ঠানে স্ব-মূল্যায়ন ছক (আইসাস) অনলাইনে ফরম পূরণ, এমপিওভূক্ত মাদ্রাসায় ট্যাপ বিতরন এবং দুর্নীতিদমন কমিশনের উদ্যেগে বির্তক প্রতিযোগিতা সম্পন্ন করা হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | |
| ০৯ | উপজেলা প্রকৌশলী বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরের এডিপি খাতে ১ম হতে ৪র্থ কিস্তি পর্যন্ত সর্বমোট ৬৪.৩৫ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। বরাদ্দপ্রাপ্ত এডিপি'র উক্ত অর্থ হতে চলতি সময় পর্যন্ত মোট ১৭টি প্রকল্পের বিপরীতে ৪৮,৬১,৮৮০/- টাকা এবং উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে ৪৯টি প্রকল্পের বিপরীতে ১,৯৪,১৪,৯২০/- টাকার বিল পরিশোধ করা হয়েছে। এছাড়া রাজস্ব তহবিল ও অন্যান্য খাত হতে গৃহীত প্রকল্পের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে।<br>এ পর্যায়ে তিনি সারুটিয়া প্রাথমিক স্কুলসহ অন্যান্য নতুন ভবন নির্মাণের ক্ষেত্রে বিদুৎতের খুটি বিষয়ে এবং বন বিভাগ কর্তৃক রাস্তার কর্তনকৃত গাছ মূল্য নির্ধারণের কারনে অপসারণ না করায় উন্নয়ন কাজে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। অথচ এ বিষয়ে বন বিভাগ, ফরিদপুরকে ডিসেম্বর,২০২২ মাসে জানানো হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | ১। গৃহীত প্রকল্পগুলো নির্ধারিত সময়ের মধ্যে সঠিকভাবে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |
| ১০ | উপজেলা সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, উপকারভোগীদের ৪র্থ কিস্তির পেরোল প্রদান করা সম্পন্ন হয়েছে। চলতি জুন মাসে ভাতার অর্থ প্রদান শুরু হবে। ভাতাভোগীদেরকে বিকাশ পিন কোড নিজ দায়িত্বে সংশোধন ও প্রয়োজনে পিন কোড রিসেট করার জন্য অনুরোধ করেন। | ভাতা বিতরণ সংক্রান্ত সংশ্লিষ্ট কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নের জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ১১ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উক্ত দপ্তর নিয়ে বিস্তারিত আলোচনা করা সম্ভব হলো না। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | **উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা** |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, অত্র কার্যালয়ের ভিডব্লিউবি কর্মসূচির মে/২৩ মাসের চাল বিতরণ ৭টি ইউনিয়নে সম্পন্ন হয়েছে এবং জুন/২৩ মাসের ডিও ৭টি ইউনিয়নের অনুকূলে ইস্যু করা হয়েছে। মা ও শিশু সহায়তা কর্মসূচির জুলাই/২০২২ হতে মে/২০২৩ মাস পর্যন্ত ৭টি ইউনিয়নে বরাদ্দ অনুযায়ী ৮৩৬ জন ভাতাভোগীর নামের তালিকা অনুমোদন করা হয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | চলমান প্রক্রিয়া অব্যহত রাখার জন্য মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ১৩ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। আপাতত কোন সমস্যা বিদ্যমান নাই মর্মে সভাকে অবহিত করেন। | সমিতির কার্যক্রম নিয়মিত মনিটরিং করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৪ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, ২০২২-২৩ অর্থবছরে যুব প্রশিক্ষণ ও যুব ঋণ কার্যক্রম লক্ষ্যমাত্রা অনুযায়ী ১০০% পূরণ হয়েছে। যুব ঋণ আদায়ের হার মে/২০২৩ মাসে ১০০% অর্জন হয়েছে। এছাড়া অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | যুব প্রশিক্ষণ ও ঋণ কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জনের ধারাবাহিকতা অব্যহত রাখার উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৫ | উপজেলা বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিক ভাবে চলছে। সরকারি নীতিমলা অনুযায়ী ২০২২-২৩ অর্থ বৎসরে নারায়নপুর রেলগেট হতে রামদিয়া বাজার পর্যন্ত সংযোগ সড়কের বিক্রয়লব্ধ গাছ অপসারনের কাজ প্রক্রিয়াধীন। অবৈধ করাত কল মালিকদের বিরুদ্ধে নিয়োমিত মামলা প্রক্রিয়াধীন আছে। তিনি অবৈধ করাতকল মালিকদের বিরুদ্ধে মোবাইল কোর্ট করার এবং বনবিভাগের অফিসের প্রবেশ রাস্তাটি (প্রায় আনুমানিক ১০০ ফুট) পাকা করার অনুরোধ করেন। | বিধি মোতাবেক কর্তনকৃত গাছগুলো অপসারনের বিষয়ে উপজেলা বন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা বন কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬ | উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে ২য় কিস্তির কাবিটা/কাবিখা/টিআর এর কাজ সমাপ্ত হয়েছে এবং ইজিপিপি'র ২য় কিস্তির কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | গৃহীত প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১৭ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের সহকারী প্রকৌশলী জানান যে, সমগ্রদেশে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২২-২৩ অর্থ বছরের বরাদ্দপ্রাপ্ত ১৮২ টি গভীর নলকূপের এবং ১০টি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াস ব্লকের কাজ চলমান রয়েছে। এছাড়া দাপ্তরিক সকল প্রকার কাজ সুন্দর ও সুষ্ঠভাবে চলমান রয়েছে। | গৃহীত নলকূপসমূহের কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য সহকারী প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর |
| ১৮ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | ০১। সভায় উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান যে, সোনাপুর বাজারের ড্রেন নির্মাণ কাজ সমাপ্ত হওয়ায় ঠিকাদারী প্রতিষ্ঠান মের্সাস লরিন এন্টারপ্রাইজ চূড়ান্ত বিল বাবদ ১২,১০,৯৩৭/-( বার লক্ষ দশ হাজার নয়শত সাইত্রিশ) টাকা দাখিল করেছেন। উপজেলা পরিষদের মাসিক মিটিং এ অনুমোদনের পর পিএমইউতে প্রেরণ করা হবে।<br>০২। সভায় উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলিটেটর আরো জানান যে, ৬ষ্ঠ পর্যায়ে ইউজিডিপি হতে ৪০ লক্ষ টাকা (ভ্যাট/ট্যাক্স ব্যতিতি) বরাদ্ধ অনুমোদিত হয়েছে। উক্ত বরাদ্ধের আলোকে উপ-প্রকল্প প্রস্তাবনা প্রেরণ করতে হবে। পিএসসি মিটিং যাচাই বাছাই শেষে ''আমতলা আইডিয়াল স্কুলের দ্বিতল ফাউন্ডেশনসহ একতলা একাডেমিক ভবন নির্মাণ '' প্রকল্পটি অনুমোদনের জন্য মাসিক সভায় অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে।<br>অন্যান্য সকল দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবেই চলছে। | ১। দাখিলকৃত বিল অনুমোদন করা হলো এবং পিএমইউতে প্রেরণের জণ্য ইউডিএফ কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।<br>০২। ''আমতলা আইডিয়াল স্কুলের দ্বিতল ফাউন্ডেশনসহ একতলা একাডেমিক ভবন নির্মাণ '' প্রকল্পের প্রয়োজনীয় ডিজাইন, প্রাক্কলন করে প্রস্তাবনা পিএমইউতে অনুমোদনের জন্য প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী ও উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলেটেটর (ইউডিএফ) |
| ১৯ | তথ্যকেন্দ্র | তথ্যসেবা কর্মকর্তা জানান মে/২০২৩ মাসে তথ্যকেন্দ্র থেকে ডোর টু ডোর, তথ্যকেন্দ্র, উঠান বৈঠকের মাধ্যমে ৯৩৫ জন নারীদেরকে, শিক্ষা স্বাস্থ্য, আইন, ব্যবসা, জেন্ডার, কৃষি সংক্রান্ত তথ্যসেবা ও অনলাইনে চাকরির আবেদনও তথ্যপ্রযুক্তিভিত্তিক সেবা প্রদান করা হয়েছে। তথ্যকেন্দ্রের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উঠান বৈঠকের মাধ্যমে নারীদেরকে শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যবসা ইত্যাদি বিষয়ে সচেতন করার লক্ষ্যে কাজ করার জন্য তথ্যসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | তথ্যসেবা কর্মকর্তা |
| ২০ | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দ | সভায় বালিয়াকান্দি উপজেলাধীন ০৭ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ স্ব-স্ব ইউনিয়ন পরিষদ এলাকার বিভিন্ন উন্নয়ন এবং সমস্যাদি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন। | অগ্রাধিকার ভিত্তিতে উন্নয়ন প্রকল্পসমূহ গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২১ | বিবিধ | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, গত ২৮/০৫/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের বিশেষ সভা আহবানপূর্বক ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট প্রস্তুতপূর্বক অনুমোদন করা হয়েছে। সভাকে অবহিত করার জন্য পেশ করা হলো।<br>২। এছাড়া তিনি আরো জানান যে, এ উপজেলা পরিষদে কর্মরত ০১ জন মালী ও ০১ জন পরিচ্ছন্নকর্মীর প্রতি বছরে কাজের সন্তোষজনক বিবেচনায় পারিতোষিকভাতা প্রদানের বিষয়ে এবং জুন/২০২৩ মাসে আপ্যায়ন ভাতা পরিতোষের বিষয়ে সভায় প্রস্তাব উপস্থাপন করেন। | ১। প্রস্তুতকৃত ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট গৃহীত হলো।<br>২। আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ০২(দুই) জন কর্মচারীর পারিতোষিকভাতা ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/ব্যক্তিকে জুন/২০২৩ মাসের আপ্যায়নভাতা পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২২ | উপজেলা পরিষদ | পরিশেষে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী জানান যে, অত্যন্ত প্রাণবন্তভাবে সভায় আলোচনা হয়েছে। বিভিন্ন বিভাগের সমন্বয়ের মাধ্যমে সরকারের গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের আহবানসহ উন্নয়নের ধারাবাহিকতা বজায় রাখার ব্যাপারে বিস্তারিত আলোচনা করেন। | সরকারের গৃহীত সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যদের আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ আবুল কালাম আজাদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ,
বালিয়াকান্দি, রাজবাড়ী।

স্মারক নং-০৫.৩০.৮২০৭.০০৩.০৬.০০২.১৪-২৪২ তারিখ: ০৮ জুন ২০২৩ খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী-০২
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার , পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। জেলা প্রশাসক, রাজবাড়ী
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রাজবাড়ী

অনুলিপি: জ্ঞাতার্থে ও কার্যার্থে

০৫-০৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী
০০-২৪। উপজেলা ......................কর্মকর্তা/ প্রকৌশলী, বালিয়াকান্দি, রাজবাড়ী
২৫-৩১। চেয়ারম্যান ......................(সকল) ইউনিয়ন, বালিয়াকান্দি, রাজবাড়ী
৩২। অফিস কপি

০৮.০৬.২৩

রফিকুল ইসলাম
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, বালিয়াকান্দি
ও
উপজেলা নির্বাহী অফিসার
বালিয়াকান্দি, রাজবাড়ী।
টেলিফোন: ০২৪৭৮৮০৯৪০১
email-unobaliakandi@gmail.com

পরিশিষ্ট-'ক'

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মো: আবুল কালাম আজাদ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | |
| ০২ | জনাব মোঃ মনিরুজ্জামান মনির | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৩ | বেগম খোদেজা বেগম | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব আহম্মদ আলী | চেয়ারম্যান, ইসলামপুর ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব মোঃ রেজাউল করিম | চেয়ারম্যান, বহরপুর ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব মোঃ বাদশা আলমগীর | চেয়ারম্যান, নবাবপুর ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব মোঃ জহুরুল ইসলাম | চেয়ারম্যান, নারুয়া ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব মোঃ আলমগীর বিশ্বাস | চেয়ারম্যান, বালিয়াকান্দি ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব এ. কে. এম ফরিদ হোসেন | চেয়ারম্যান, জামালপুর ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ১০ | জনাব কল্লোল বসু | চেয়ারম্যান, জংগল ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ১১ | ডা. অমৃত সরকার | মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অধিদপ্তর | স্বাক্ষরিত |
| ১২ | জনাব ডা. হাফিজুর রহমান | উপজেলা ভেটেরিনারি সার্জন | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব মোঃ হাসানুজ্জামান | উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৪ | জনাব মোঃ আবদুল মান্নাফ | উপজেলা মৎস্য কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৫ | জনাব মোঃ আশরাফুল হক | উপজেলা শিক্ষা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৬ | জনাব খন্দকার রাহাত ফেরদৌস | উপজেলা প্রকৌশলী | স্বাক্ষরিত |
| ১৭ | জনাব পারমিস সুলতানা | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৮ | জনাব অজয় কুমার হালদার | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৯ | জনাব নাসরিন সুলতানা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২০ | জনাব আফরোজা জেসমিন | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২১ | জনাব এস এম খায়রুল আলম | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (ভারপ্রাপ্ত) | স্বাক্ষরিত |
| ২২ | জনাব মোঃ রেজাউল করিম | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ | স্বাক্ষরিত |
| ২৩ | জনাব মোঃ আজিজুল হক | উপজেলা বন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২৪ | জনাব কামরুন্নাহার | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২৫ | জনাব নাজিউর রহমান | ইউডিএফ, ইউডিজিপি | স্বাক্ষরিত |

অনুপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-খ)

| ক্রমিক নং | নাম | পদবী |
|---|---|---|
| ১ | জনাব জাহিদুর রহমান | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ২ | জনাব মোঃ নজরুল ইসলাম | উপজেলা সমবায় অফিসার |